

ডোমকল কলেজ

বাংলা বিভাগ

অভ্যন্তরীণ মূল্যায়ন -২০২৬

ষষ্ঠ সেমিস্টার

পেপার – ৬০১

- ১) ভ্রমণ সাহিত্য বলতে কী বোঝায়? বাংলা সাহিত্যে পাঁচটি উদাহরণ দাও। সব ভ্রমণ কাহিনী কি ভ্রমণ সাহিত্য? বক্তব্যের স্বপক্ষে মতামত প্রদান করো।
- ২) রাসসুন্দরী দেবীর ‘আমার জীবন’ গ্রন্থে উনিশ শতকের রক্ষণশীল সমাজের একজন নারীর শিক্ষার জন্য সংগ্রাম ও জীবনের নানা দিক কিভাবে তুলে ধরা হয়েছে তা নিজের ভাষায় লেখো।
- ৩) “চুরি করা যদি ধর্ম হয়, তবে চোরের দণ্ড হয় কেন?” – উদ্ধৃতিটির আলোকে ‘বিড়াল’ প্রবন্ধের মূল বক্তব্য আলোচনা করো।
- ৪) “এ কথা সত্য যে, রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি” – প্রাবন্ধিক কার সম্বন্ধে এই উক্তি করেছেন? সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

পেপার – ৬০২

- ১) উদাহরণসহ ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো।
- ২) ন্যাশনাল থিয়েটার কত খ্রীস্টাব্দে প্রকাশিত হয়? বাংলা থিয়েটারের ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের অবদান আলোচনা করো।
- ৩) মেবার পতন নাটকে মুখ্য নারী চরিত্রগুলি উল্লেখ করে তারা কোন কোন মহৎ নীতির দ্বারা আচ্ছন্ন হয়ে পড়েছেন লেখো।
- ৪) “দীনবন্ধু মিত্রের ‘নীলদর্পণ’ নাটকে ক্ষেত্রমণি চরিত্রটি সমকালীন সমাজের বাস্তবতার দলিল” – নাট্যকারের উদ্দেশ্য সাধনে চরিত্রটি কতটা সফল হয়েছে?

পেপার – ৬০৩

- ১) ‘রথের রশি’ নাটকের রূপক সাংকেতিকতা বিচার করো।
- ২) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘ঘরে বাইরে’ উপন্যাসে সন্দীপ ও নিখিলেশ এর মধ্যে নায়ক কে? তোমার উত্তরের সাপেক্ষে যুক্তি দাও।
- ৩) ‘চিত্রা’ কাব্যের ‘জীবনদেবতা’ কবিতা অনুসারে জীবনদেবতা তত্ত্বের স্বরূপ উদঘাটন করো।
- ৪) “এ তো চিঠি নয়, এ যেন মৃগালের আত্মপ্রকাশ” – রবীন্দ্রনাথ ঠাকুরের স্ত্রীর পত্র গল্প অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।